

৬২/৮



মাদরাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৫/ ৬৮-২৮

তারিখঃ ২৯ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ  
১২ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

শরীফবাগ ইসলামিয়া কামিল মাদরাসা, ডাকঘরঃ ধামরাই, উপজেলাঃ ধামরাই, জেলাঃ ঢাকা-এর কামিল (স্নাতকোত্তর) তাফসীর বিভাগ অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৩.০৯.২০১৮ খ্রিঃ তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) তাফসীর বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০৫.০৯.২০১৮ খ্রিঃ থেকে ০৪.০৯.২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

### শর্তসমূহ :

- ১। অধ্যক্ষকে নিজ দায়িত্ব পালনে আরো মনোযোগী হতে হবে।
- ২। ছাত্রদের জন্য খেলার মাঠ তৈরী করতে হবে।
- ৩। লাইব্রেরিতে শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য বই পড়ার সুযোগ থাকতে হবে।
- ৪। শ্রেণিকক্ষে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে।
- ৫। শিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ৬। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে।
- ৭। মাদরাসার শিক্ষকদের পাঠদান উন্নত হতে হবে এবং শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৮। শিক্ষার্থীদের জন্য বার্ষিক শিক্ষা সফরের আয়োজন করতে হবে।
- ৯। মাদরাসায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক গভর্নিং বডি থাকতে হবে।
- ১০। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

*A. H. Khan*  
12.05.2019

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

শরীফবাগ ইসলামিয়া কামিল মাদরাসা

ডাকঘরঃ ধামরাই, উপজেলাঃ ধামরাই, জেলাঃ ঢাকা।

### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, শরীফবাগ ইসলামিয়া কামিল মাদরাসা, ডাকঘরঃ ধামরাই, উপজেলাঃ ধামরাই, জেলাঃ ঢাকা।
- ৮। অফিস নথি।